

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৯৫-আইন/২০১৬।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, “বিড়ি শিল্প সেক্টর” এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলের টেবিল-১ এবং টেবিল-২ এ বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, যথাক্রমে, উক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরির হার ঘোষণা করিল, যথা:—

তফসিল

টেবিল-১

ক্রমিক নং	শ্রমিকগণের শ্রেণি ও পদবিন্যাস	মজুরি	
		লেবেল প্যাকিংসহ সাধারণ বিড়ি তৈরির জন্য	লেবেল প্যাকিংসহ ফিল্টারযুক্ত বিড়ি তৈরির জন্য
(১)	(২)	(৩)	(৪)
১।	১। বিড়ি তৈরির শ্রমিক	প্রতি হাজারে ৩১.৫০ (একত্রিশ দশমিক পঞ্চাশ) টাকা	প্রতি হাজারে ৬৩.০০ (তেষট্টি) টাকা
	২। ঠোঙ্গা তৈরির শ্রমিক		
	৩। তামাক ভাঙ্গাই শ্রমিক (হাতে)		
	৪। তামাক ভাঙ্গাই শ্রমিক (মেশিনে)		
	৫। তামাক চিরাই শ্রমিক (হাতে)		
	৬। ডাটা চালানী শ্রমিক (হাতে)		
	৭। মিকচার শ্রমিক (বিড়ির জন্য)		
	৮। চালানী প্যাকিং শ্রমিক		

(১৫০০৯)

মূল্য : টাকা ৪.০০

টেবিল-২

ক্রমিক নং	কর্মচারীগণের শ্রেণি ও পদবিন্যাস	মূল মজুরি (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%)	চিকিৎসা ভাতা (টাকা)	মাসিক সর্বমোট (টাকা)
১।	গ্রেড-১: ১। স্টোর কিপার ২। হিসাব সহকারী	৪,১৬০/- (চার হাজার একশত ষাট)	২,০৮০/- (দুই হাজার আশি)	৩৮০/- (তিনশত আশি)	৬,৬২০/- (ছয় হাজার ছয়শত বিশ)
২।	গ্রেড-২: ১। স্টোর সহকারী ২। ক্যাশিয়ার ৩। সেলসম্যান ৪। চেকার ৫। টাইপিষ্ট ৬। টেলিফোন অপারেটর ৭। সীট লেখক ৮। কাগজ বিতরণকারি ৯। ড্রাইভার	৩,৩০০/- (তিন হাজার তিনশত)	১,৬৫০/- (এক হাজার ছয়শত পঞ্চাশ)	৩৮০/- (তিনশত আশি)	৫,৩৩০/- (পাঁচ হাজার তিনশত ত্রিশ)
৩।	গ্রেড-৩: ১। পিয়ন ২। দারওয়ান ৩। মালি ৪। সুইপার ৫। তামাক মাপক ৬। পেপার কাটার ৭। প্রচারক	২,৬৫০/- (দুই হাজার ছয় শত পঞ্চাশ)	১,৩২৫/- (এক হাজার তিনশত পঁচিশ)	৩৮০/- (তিনশত আশি)	৪,৩৫৫/- (চার হাজার তিন শত পঞ্চাশ)
৪।	শিক্ষানবিশ কর্মচারী	মাসিক সর্বসাকুল্যে ৩,২০০ (তিন হাজার দুইশত) টাকা।			

শর্তাবলী :

- ১। তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ উল্লিখিত পদের অতিরিক্ত বা নূতন কোন পদ বিড়ি শিল্প সেক্টরে সৃজিত হইলে উক্ত পদটি যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।
- ২। বিড়ি শিল্প সেক্টরে নিয়োজিত সকল শ্রেণির শ্রমিকের ফুরণভিত্তিক (Piece Rate) এবং কর্মচারীদের মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরি ও সুবিধাদি নির্ধারিত হইবে।
- ৩। তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ উল্লিখিত নিম্নতম মজুরি ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার বিড়ি শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।
- ৪। নিম্নতম মজুরি ঘোষণার পর হইতে বিড়ি শিল্প সেক্টরের মালিকগণ তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদের যথাযথ পদে সন্নিবেশ করিয়া তাদের প্রাপ্য মজুরি রেজিস্টারভুক্ত এবং তদানুযায়ী মজুরি স্লিপ প্রদান করিবেন।

- ৫। তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ উল্লিখিত মজুরি নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরি ঘোষিত মজুরি অপেক্ষা কম হইবে না এবং কোন বিড়ি শিল্প প্রতিষ্ঠানে উক্ত মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইয়া থাকিলে উহা হ্রাস করা যাইবে না, তবে নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।
- ৬। (ক) বিড়ি শিল্প সেক্টরে কোন শ্রমিক কন্ট্রাক্টর বা ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (৬৫) অনুযায়ী “শ্রমিক” বলিয়া গণ্য হইবেন;
- (খ) কোন নিয়োগকারী কন্ট্রাক্টর বা ঠিকাদার তদকর্তৃক নিযুক্ত শ্রমিকের ক্ষেত্রে, মালিকের ন্যায় একইরূপে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (গ) কোন কন্ট্রাক্টর বা ঠিকাদারের নিকট কোন শ্রমিকের প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা দেখা দিলে উক্ত সমস্যা সমাধানের দায়-দায়িত্ব মালিকের উপর বর্তাইবে;
- (ঘ) কোন কন্ট্রাক্টর বা ঠিকাদার কোন শ্রমিকের নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক ঘোষিত মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করিতে পারিবেন না।
- ৭। তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে রহিয়াছেন তাহাকে উক্ত গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া মজুরি নির্ধারণ করিতে হইবে এবং তাহাদেরকে বিদ্যমান স্ব স্ব গ্রেডের তুলনায় নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।
- ৮। তফসিলের টেবিল-১ ও টেবিল-২ এ উল্লিখিত নিম্নতম মজুরি ও সুবিধাদি ছাড়াও কোন শ্রমিক ও কর্মচারী তাহার কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা বা ভাতা প্রাপ্ত হন উহা বহাল থাকিবে।
- ৯। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে যতটুকু সাংঘর্ষিক হইবে ততটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১০। কোন শ্রমিক বা কর্মচারীর কার্যকাল শ্রম আইন দ্বারা নির্ধারিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd